গাংনীতে এশিয়ান টেলিভিশনের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মেহেরপুরের গাংনীতে এশিয়ান টেলিভিশনের ১০ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। বুধবার সকাল ১০টায় গাংনী এ্যাডভান্স মেডিকেয়ার হল রুমে প্রতিষ্ঠা বার্ষিকীর এই অনুষ্ঠান পালিত হয়।

এশিয়ান টেলিভিশনের গাংনী উপজেলা প্রতিনিধি মিনারুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনীর কৃতি সন্তান স্বাধীনতা চিকিৎসক পরিষদের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের সদস্য ডা. এএসএম নাজমুল হক সাগর।

অনুষ্ঠানের শুরুতে দৈনিক আমাদের সূর্যদোয় পত্রিকার নির্বাহী সম্পাদক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় এশিয়ান টেলিভিশনের দীর্ঘ ১০ বছরের সাফল্য নিয়ে আলোচনা করা হয়। আলোচনা অনুষ্ঠান শেষে কেক কাটার মধ্য দিয়ে এশিয়ান টেলিভিশনের ১০ম বর্ষপূর্তি পালন করা হয়।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী প্রেস ক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সাধারণ সম্পাদক মাহবুব আলম, আরটিভি’র জেলা প্রতিনিধি মাজেদুল হক মানিক, একাত্তর টিভির সাংবাদিক মজনুর রহমান আকাশ, বাংলা টিভির জেলা প্রতিনিধি আক্তারুজ্জামান, মেহেরপুর রিপোর্টাস ক্লাবের সহ-সভাপতি আল আমিন হোসেন, দৈনিক ভোরের ডাক পত্রিকার প্রতিনিধি জুরাইস ইসলাম, গেø◌াবাল টিভি’র জেলা প্রতিনিধি রাব্বি আহম্মেদ, বিডি২৪লাইভ ডটকমের জেলা

প্রতনিধি জাহিদ মাহমুদ, লাখো কণ্ঠের জেলা প্রতিনিধি রফিকুল আলম বকুল, মেহেরপুর চোখের বার্তা সম্পাদক মীর শামীম, দৈনিক স্বাধীন মত পত্রিকার প্রতিনিধি আব্দুল আলিম, সাবেক ছাত্র নেতা ও শিক্ষক রকিবুল ইসলাম, কৃষক লীগের গাংনী উপজেলার শাখার সাধারণ সম্পাদক মসিউর রহমান পলাশ, গাংনী থানা ওসি’র প্রতিনিধি সেকেন্ড অফিসার এসআই মাসুদ, মাহি ক্লিনিকের পরিচালক উম্মে সালমা, জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাবীব, মেহেরপুর টিভির এ্যাডমিন তানজিজুর রহমান তপন প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা এশিয়ান টেলিভিশন, এশিয়ান টেলিভিশনের গাংনী উপজেলা প্রতিনিধি মিনারুল ইসলামসহ এশিয়ান টেলিভিশনের সকল

কলাকৌশলীদের স্বার্বিক মঙ্গল কামনা করেন।

মেহেরপুরে শুভসংঘের নতুন কমিটির অভিষেক ও পরিকল্পনা সভা

মেহেরপুরে প্রতিমাসে অন্তত একটি করে ভালো কাজ করার প্রত্যয় নিয়ে অনুষ্ঠিত হলো নতুন কমিটির অভিষেক ও পরিকল্পনা সভা।

আজ মঙ্গলবার (১৭ জানুয়ারি) দুপুরে মেহেরপুর প্রতিদিন পত্রিকা অফিসের হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কালের কন্ঠ শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যাপক নূরুল আহমেদের সভাপতিত্বে অতিথি হিসেবে বক্তব্য দেন কালের কণ্ঠ জেলা প্রতিনিধি শুভসংঘর জেলা শাখার প্রধান উপদেষ্টা ইয়াদুল মোমিন, সাংবাদিক মাহাবুব চান্দু, রেজ আন উল বাসার, শহিদুল ইসলাম, আব্দুর রাজ্জাক, কামরুল ইসলাম।

শুভ সংঘের নতুন কমিটির সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ পলাশের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন সহ সভাপতি বশির উদ্দিন, রফিকুল আলম বকুল, সাবেক সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, যুগ্ম সাধারণ সম্পাদক বাদশা খান, নারী বিষয়ক সম্পাদক মৌসুমী খাতুন।

সভাপতি নতুন কমিটির সদস্যদের সঙ্গে পরিচিত সকলকে পরিচয় করিয়ে দেন।

নতুন কমিটিতে অন্যদের মধ্যে যুগ্ম সাধারণ সম্পাদক সাজিদ ইসলাম, সাংগঠনিক সম্পাদ আল মাসুম শেখ, সহ সাংগঠনিক সম্পাদক সোহেল রানা, কোষাধ্যক্ষ আসিফ ইকবাল শুভ, দপ্তর সম্পাদক নাসিম হাসান, প্রচার সম্পাদক উবায়দুল্লাহ, বিজ্ঞান বিষয়ক সম্পাদক ইয়াসির ইউসুফ ইমন, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক নাফিউল ইসলাম, নির্বাহী সদস্য আরিফুল ইসলাম, ছানোয়ার হোসেন, আবু রায়হান নিরব, তামান্না তানভীর, তাহসিন হাদি ধ্রুব, সৈকত আহম্মেদ, তানজিমুল ইসলাম, সাগর আলী, আকাশ আলী, জাহিদুল ইসলাম।

এর আগে গত বৃহস্পতিবার বিকেলে নতুন কমিটি গঠন করা হয়।

নূরুল আহমেদকে পুনরায় সভাপতি করে ২৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটি গঠন শেষে মঙ্গলবার অভিষেক ও পরিকল্পনার সভার দিন নির্ধারণ করা হয়। পরিকল্পনা সভা শেষে মধ্যাহ্নভোজের মধ্য দিয়ে কর্মসূচী শেষ হয়।

সাংবাদিক জনির জামিন না মঞ্জুর; নিহালের ৩ দিনের রিমাণ্ড

মেহেরপুরে হোটেল আটলান্টিকা কাণ্ড মামলায় গ্রেফতার নিহাল আল মুকিতের ৩ দিনের রিমাণ্ড মঞ্জুর করেছেন আদালত। একই মামলার অপর আসামি সাংবাদিক মিজানুর রহমান জনির জামিন না মঞ্জুর করেছেন একই আদালত।

গতকাল মঙ্গলবার মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট মো: তারিক হাসান এ আদেশ দেন। মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই আশরাফ আলী এ তথ্য নিশ্চিত করেছেন।

আদালত সূত্রে জানা গেছে, গতকাল হোটেল আটলান্টিকা কাণ্ড মামলায় গ্রেফতার নিহাল আল মুকিতের ৭দিনের রিমাণ্ড চেয়ে আবেদন করেন মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই আশরাফ আলী। আদালতের রিমাণ্ড আবেদন শুনানি শেষে বিজ্ঞ বিচারক ৩দিনের রিমাণ্ড মঞ্জুর করেন।

এর আগে গত রবিবার রাতে মেহেরপুর শহরের এশিয়া নেট মোড় থেকে নিহাল আল মুকিতকে গ্রেফতার কেও ডিবি পুলিশ। আটক নিহাল আল মুকিত শহরের বড় বাজার এলাকার নজরুল ইসলামের ছেলে। তার নিকট থেকে জব্দ মোবাইল ফোনে একাধিক অনৈতিক সম্পর্কের ভিডিও ছবি পাওয়া যায়। তার কাছে হোটেল আটলান্টিকা কাণ্ডে আরো গুরত্বপূর্ণ থাকতে পারে মর্মে আদালতে রিমাণ্ড আবেদন করেন তদন্তকারী কর্মকর্তা।

এছাড়া একই আদালতে একই মামলার অপর আসামি সাংবাদিক মিজানুর রহমান

জনির জামিন আবেদন করেন তার আইনজীবী। অপরদিকে তদন্তকারী কর্মকর্তা জামিনের বিরোধীতা করেন। আদালতের বিজ্ঞ বিচারক শুনানী শেষে জনির জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠান।

প্রসঙ্গত, হোটেল আটলান্টিকা কাণ্ডে পুলিশ ৭ জনকে আটক করেছে। আটকৃতরা কথিত সাংবাদিক নাজনিন খান প্রিয়া, হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন, হিজুলির ছন্দা খাতুন, হোটেল কর্মচারী হাসিবুল হক জয়, সাংবাদিক মিজানুর রহমান জনি ও নিহাল আল মুকিত।

ডিবি জানায়, নিহালের কাছে থেকে মেহেরপুর শহরের আলোচিত আটলান্টিক হোটেল কাণ্ডে তার একাধিক অশ্লীল ভিডিও পাওয়া গেছে এবং নিহাল আলোচিত হোটেল আটলান্টিকাতে অসামাজিক কার্যকলাপের মিডিয়া হিসেবে কাজ করতো এবং নিজেও এসব কর্মকাণ্ডের সুবিধা নিতো।

ডিবি পুলিশ আরো জানায়, হোটেল আটলান্টিকা মামলার আসামি হাসিবুল হক জয়ের ১৬৪ ধারার জবানবন্দি অনুযায়ী তাকে গ্রেফতার করা হয় এবং নেহালের মোবাইলে অসংখ্য মেয়েদের সাথে শারীরিক মিলনের অনৈতিক ভিডিও ছবি পাওয়া গেছে।
উল্লেখ্য, ২২ নভেম্বর মউকের একটি চাঁদাবাজী মামলার আসামী হিসেবে হোটেল আটলান্টিকায় অসামাজিক কার্যকলাপের অন্যতম হোতো নাজনিন খান প্রিয়াকে আটক করে সদর থানা পুলিশ। পরে ওই মামলাটি ডিবিতে হস্তান্তর করা হলে ডিবি পুলিশ মামলার তদন্তকালে ৩০ নভেম্বর মেহেরপুরের ওয়াপদা সড়কে আটলান্টিকা কাণ্ডে জড়িত থাকার অভিযোগে হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন এবং সদর উপজেলার হিজুলী গ্রামের এনামুল হকের মেয়ে ছন্দা খাতুনকে গ্রেফতার করে। ছন্দা খাতুনকে ১৬৪ ধারায় জবাবনবন্দীতে হোটেল আটলান্টিকার অসামাজিক কার্যক্রমের বিবরণ তুলে ধরেন। তার জবানবন্দীতে উঠে আসে ভয়ংকর সব তথ্য। হোটেল মালিক মতিয়ার ও তার ছেলে মামুন স্থানীয় কিছু সাংবাদিকের সহায়তায় হোটেলে বিভিন্ন মেয়েদের ব্যবহার করে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের অন্তরঙ্গ মুহুর্তের ভিডিও ধারণ করে সেগুলো সাংবাদিকদের মাধ্যমে চাদাবাজি করে আসছিলেন।

ছন্দা খাতুনের জবানবন্দী নিয়ে মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশ হলে মেহেরপুরসহ আশেপাশের কয়েকটি জেলায় সংবাদটি তোলপাড় সৃষ্টি করে। যার রেশ এখনো চলমান। সংবাদে মেহেরপুরের চার সাংবাদিক ও এক আইনজীবীর কথা উঠে আছে। প্রকাশিত ওই সংবাদের চার সাংবাদিকের একজন এশিয়ান টেলিভিশনের সাংবাদিক মিজানুর রহমান জনি।

কুষ্টিয়ায় কালের কণ্ঠের ১৩তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

কুষ্টিয়ায় কালের কণ্ঠের ১৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে আলোচনা, কেক কাটা ও ছিন্নমুল মানুষের মাঝে রান্না করা খাবার বিতরণ অনুষ্ঠানে আয়োজন করা হয়েছে ।

মঙ্গলবার দুপুরে কালের কণ্ঠ কুষ্টিয়ার জেলা প্রতিনিধি তারিকুল হক তারিকের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান,জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী,টিআইবি পরিচালিত সচেতন নাগরিক কমিটির জেলা কমিটির সভাপতি ও কালের কণ্ঠের শুভসংঘের সভাপতি আলহাজ্ব রফিকুল আলম টুকু, কুষ্টিয়া প্রেস ক্লাবের সভাপতি ও বাংলাদেশ প্রতিদিনের প্রতিনিধি,আল মামুন সাগর, চ্যানেল আইয়ের জেলা প্রতিনিধি, আন্দোলনের বাজার পত্রিকার সম্পাদক ও কুষ্টিয়া প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আনিসুজ্জামান ডাবলু, সংবাদের প্রতিনিধি মিজানুর রহমান লাকি, ইত্তেফাকের প্রতিনিধি মোস্তাফিজুর রহমান মঞ্জু, কালের কণ্ঠের শুভসংঘের সাধারণ সম্পাদক কাকলী খাতুন প্রমুখ।

অনুষ্ঠানে কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান বলেছেন, ‘একটি সমাজ বা দেশকে এগিয়ে নিতে সাংবাদিকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বাংলাদেশকে বঙ্গবন্ধুর সোনার বাংলা হিসেবে গড়ে তুলতে হলে সাংবাদিকসহ সব শ্রেণি পেশার মানুষকে একযোগে দেশের স্বার্থে কাজ করতে হবে।

এ ছাড়াও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী বলেন, বাংলাদেশের অন্যতম প্রধান পত্রিকা হচ্ছে দৈনিক কালের কন্ঠ। জাতির বিবেকের প্রতিনিধি হচ্ছে সাংবাদিকরা। তেমনি বস্তুনিষ্ঠতা ও অনুসন্ধানী সাংবাদিকতার জন্য প্রকাশের অল্প দিনের মধ্যেই কালের কণ্ঠ দেশের অন্যতম জনপ্রিয় দৈনিকে পরিণত হয়েছে। কালের কণ্ঠ সংবাদ পরিবেশন করে সমাজ তথা দেশের উন্নয়নের অংশীদার হচ্ছে।

অনুষ্ঠানের শেষে কালের কন্ঠের সুর্দীঘ প্রকাশনা অব্যহত যাতে থাকে

সে জন্যে মহান আল্লার দরবারে দোয়া করা হয়। ইত্তেফাকের প্রতিনিধি মোস্তাফিজুর রহমান মঞ্জু দোয়া পরিচালনা করেন।

অনুষ্ঠানে সাংবাদিক ও সুধীজনসহ শুভসংঘের শুভসংঘেরর যুগ্ম সম্পাদক সুমাইয়া খাতুন,প্রচার সম্পাদক এসএম জামাল, মুন্তাসির আহম্মেদ, মেহেদী হাসান জয়, খালেদ, মোসাব্বির, নাফিজ,রিজাসহ সকল সদস্যরা উপস্থিত ছিলেন। পরে শুভসংঘের সদস্যরা শহরের কোট রেলওয়ে ষ্টেশনে শতাধিক ছিন্নমুল অসহায় দু:স্থ্যদের মাঝে দুপুরের খাবার ও মিষ্টি বিতরণ করেন।

মেহেরপুরে কালের কণ্ঠর ১৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

কেক কাটা ও আলোচনা সভার মধ্যে দিয়ে মেহেরপুরে জাকজমকভাবে পালিত হলো কালের কণ্ঠ’র ১৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী।

মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে এ কর্মসূচী অনুষ্ঠিত হয়।

শুভ সংঘ জেলা শাখার সভাপতি প্রফেসর নুরুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজে অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু, সিনিয়র সাংবাদিক রফিকুল আলম, নারী সাংবাদিক দিলরুবা খাতুন, গাংনী প্রেস ক্লাবের সভাপতি এম এ লিংকন।

সাংবাদিক মাহাবুব চান্দুর সঞ্চালনায় স্বাগত বক্তব্য দেন কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর শফিউল ইসলাম সরদার বলেন, কালের কণ্ঠ পত্রিকা জন্মলগ্ন থেকে শিক্ষাসহ নানা বিষয় নিয়ে গুরত্বপূর্ণ

ভুমিকা পালন করে আসছে। কালের কণ্ঠ শুধু জাতীয়ভাবে নয়, জেলা পর্যায়ের অনেক গুরত্বপূর্ণ সংবাদ প্রকাশ করছে। কালের কণ্ঠর শুভ সংঘর ছেলে মেয়েরা বিভিন্ন সময় অসহায়, দরিদ্রদের জন্য আর্তমানবতার সেবায় কাজ করছে যেগুলো সমাজ উন্নয়ন ভুমিকা রাখছে।

অন্যান্য বক্তারা বলেন, শক্তিশালী গণমাধ্যমে হিসেবে কালের কণ্ঠ পাঠকদের মনে স্থান করে নিয়েছে। সাদাকে সাদা, কালোকে কালো বলা গণমাধ্যমের সংখ্যা আমাদের সামনে হারিয়ে গেলেও কালের কণ্ঠ সে অগ্রণী ভুমিকা পালন করে চলেছে।

পরে কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠান শেষ করা হয়। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা, শিক্ষক, সাংবাদিক, শুভ সংঘর সদস্যরা অংশ নেন।

হোটেল আটলান্টিকা কাণ্ড মামলায় শোন এ্যারেস্ট সাংবাদিক জনি

ক্যামেরা ছিনতাই, প্রতারণা মামলার আসামি এশিয়ান টিভির জেলা প্রতিনিধি সাংবাদিক মিজানুর রহমান জনিকে হোটেল আটলান্টিকার ঘটনায় মামলার আসামি হিসেবে গ্রেফতার মঞ্জুর করেছে আদালত।

গতকাল রবিবার দুপুরে মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট তারিক হাসানের আদালতে মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই আশরাফ আলী গ্রেফতার দেখানোর আবেদন জানালে বিজ্ঞ বিচারক মঞ্জুর করেন।

মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই আশরাফ আলী জানান, হোটেল আটলাণ্টিকা কাণ্ডে মিজানুর রহমান জনির সমপক্ততা তুলে ধরে আদালতে শোন এ্যারেস্টের আবেদন করা হয়। বিজ্ঞ আদালত শুনানী পর্যবেক্ষন শেষে তার শোন এ্যারেষ্ট মঞ্জুর করেছেন।

হোটেল আটলান্টিকা কাণ্ডে ব্লাকমেইলার চার সাংবাদিকের অন্যতম মিজানুর রহমান জনি। এ নিয়ে আসামি প্রিয়া খাতুন ও ছন্দা পৃথক পৃথক ১৬৪ ধারার জবানবন্দিতে জনিকে অভিযুক্ত করেন। এ নিয়ে সংবাদ

প্রকাশের পর থেকে জনি আত্নগোপনে ছিলেন।

অপরদিকে, সাংবাদিক মোঃ মিজানুর রহমান জনি-কে চাঁদাবাজি ও প্রতারণা গত ১৮ ডিসেম্বর চুয়াডাঙ্গা শহর থেকে গ্রেফতার করে মেহেরপুর সদর থানা পুলিশ।

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের সহযোগিতায় মেহেরপুর সদর থানা পুলিশের একটা টিম তাকে এনটিভি মেহেরপুর জেলা প্রতিনিধির ক্যামেরা ছিনতাই ও প্রতারণার অভিযোগে গ্রেফতার করে।

গত ২২ এ নভেম্বর মেহেরপুর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে নিজে বাদি হয়ে একটা মামলা দায়ের করেন সাংবাদিক রেজ আন উলবাসার তাপস। বিজ্ঞ আদালত মামলাটি আমলে নিয়ে সদর থানা পুলিশকে এফআরআই এর নির্দেশ দেন।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সদস্যদের মাঝে ব্লেজার বিতরণ

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সদস্যদের মাঝে ব্লেজার বিতরণ ও আগামী মাসে বার্ষিক সফরের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার দুপুরে কাসারি পাড়াস্থ জেলা প্রেস ক্লাব মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযমের সভাপতি বক্তব্য দেন সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, সাবেক সাধারণ সম্পাদক ইয়াদুল মোমিন, সহসভাপতি নাসের চৌধুরী, অর্থ সম্পাদক দিলরুবা খাতুন, দপ্তর সম্পাদক মাসুদ রানা, নির্বাহী সদস্য হারুন অর রশিদ রবি, মোর্তুজা ফারুক, মুহাম্মদ মহসীন, আমিরুল ইসলাম অল্ডাম, তোফায়েল হোসেন, এ সিদ্দিকী শাহীন প্রমুখ।

এর আগে শীতকালীন পোষাক হিসেবে সকল সদস্যর মাঝে ব্লেজার ও কোর্ট পিন বিতরণ করা হয়।

মেহেরপুরে এফএম ‘রেডিও পায়রা’র যাত্রা শুরু

‘চলো একসাথে’ শ্লোগানে আনিশা গ্রুপের নতুন মিডিয়া প্রতিষ্ঠান রেডিও পায়রার আনুষ্ঠানিক যাত্রা শুরু হলো।

গতকাল রবিবার সন্ধ্যায় আনিশা গ্রুপের সফল মিডিয়া প্রতিষ্ঠান দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জনপ্রিয় পত্রিকা মেহেরপুর প্রতিদিনের কার্যালয়ে রেডিও পায়রার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। আনিশা গ্রুপের চেয়ারম্যান ও মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন কেক কেটে আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন।

মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় অনুষ্ঠানের অতিথিদের মধ্যে বক্তব্য দেন, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযম, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু, ছহিউদ্দিন ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ফররুখ আহমেদ উজ্জল, সাংস্কৃতিক কর্মী শামিম জাহাঙ্গীর সেন্টু, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন সরকারি কর্মকর্তা, ব্যবসায়ী, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, রেডিও পায়রার যাত্রা শুরুর মধ্যে দিয়ে মেহেরপুরের উন্নয়নের একটি মাইল ফলক উন্মোচিত হলো।রেডিওটি মেহেরপুরের কৃষি, সংস্কৃতি, ক্রীড়া, শিক্ষাসহ উন্নয়নমূলক বিভিন্ন বিষয় নিয়ে শ্রোতাদের মাঝে নিয়মিত বার্তা পৌছে দেবে।
রেডিও পায়রা শুনতে এ্যান্ড্রয়েড ফোনের গুগল প্লে স্টোরে গিয়ে রেডিও পায়রা অ্যাপটি ডাউনলোড করেই উপভোগ করতে পারবেন নানা অনুষ্ঠানমালা।

প্রসঙ্গত, আনিশা গ্রুপের ইতিমধ্যে তিনটি মিডিয়া প্রতিষ্ঠান রয়েছে। এটি দিয়ে চারটি মিডিয়া প্রতিষ্ঠানের যাত্রা শুরু হলো। বাকি তিনটি হলো দৈনিক মেহেরপুর প্রতিদিন, সাপ্তাহিক ঢাকা থেকে

মেহেরপুর বৈশাখী টেলিভিশনের ১৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন বৈশাখী টেলিভিশনের ১৮তম প্রতিষ্ঠা বার্ষিক পালন করা হয়েছে। আজ মঙ্গলবার সকালে মেহেরপুর সরকারি শিশু পরিবারে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বৈশাখী টেলিভিশনের মেহেরপুর জেলা প্রতিনিধি হামিদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

অতিথি হিসেবে বক্তব্য দেন, জেলা আওয়ামী লীগের যুগ্ন সাধারন সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, সাংবাদিক রফিকুল আলম, রুহুল কুদ্দুস টিটো, মহাসিন আলী, আঙ্গুর, ফারুক মল্লিক, মাজেদুল হক মানিক, তৌহিদ উদ দৌলা,মাহবুব হোসেন প্রমুখ।

পরে শিশু পরিবারের নিবাসীদের নিয়ে অতিথিরা কেক কাটেন।

মেহেরপুরে ইত্তেফাকের ৭০তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরে আলোচনা সভা ও কেক কেটে দৈনিক ইত্তেফাকের ৭০ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। শনিবার ২৪ ডিসেম্বর মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে এ কর্মসূচী পালন করা হয়।

ইত্তেফাকের মেহেরপুর জেলা প্রতিনিধি মাহাবুব চান্দুর সভাপতিত্বে অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক, বীর মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন।

বক্তব্য দেন শিক্ষক ইশতিয়াক মাহমুদ, গাংনী প্রেস ক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, ইত্তেফাকের গাংনী প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম।

অনুষ্ঠানে বক্তারা বলেন, স্বাধীকার আন্দোলন, স্বাধীনতা আন্দোলন থেকে শুরু করে বাংলাদেশ জন্মের সাথে যতগুলো আন্দোলন হয়েছে প্রতিটি আন্দোলতে ইত্তেফাক ভূমিকা পালন করেছে। এখনও পর্যন্ত ইত্তেফাক পাঠকের কাছে গুরত্ব বহন করে চলেছে।